**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 10-04-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM AT DHARMA NAGAR:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা; মানিক সাহা বলেছেন , ত্রিস্তর পঞ্চায়েত স্তরে উন্নতি না হলে দেশের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয় | প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সেই দিশায় কাজ করছেন | রাজ্য সরকারও সেই দিশায় কাজ করছে | গতকাল উত্তরজেলার ধর্মনগরে বেশ কিছু সরকারী প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করে মুখ্যমন্ত্রী ভাষন দিচ্ছিলেন | মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা; সাহা বলেন, ত্রিপুরা একমাত্র রাজ্য যেখানে সচিবালয় থেকে শুরু করে জেলা ,মহকুমা ব্লক এমন কি ত্রিস্তর পঞ্চায়েত স্তরে সরকারী কাজকর্ম ডিজিটাল পদ্ধতিতে করা হচ্ছে | তিনি বলেন, ত্রিপুরা ত্রিস্তর পঞ্চায়েতে সাম্প্রতিক সময়ে বিভিন্ন ক্ষেত্রে সাতটি জাতীয় পুরস্কার অর্জন করেছে | ত্রিস্তর পঞ্চায়েতে উন্নয়ন ইন্ডেক্সে সারা দেশে তিনটি ক্ষেত্রে সর্বোচ্চ পর্যায়ে রয়েছে |রাজ্যের উন্নয়ন নিয়ে বিরোধীদের মন্তব্যের সমালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য এগিয়ে চলছে ,আমাদের আরও অনেক কিছু করতে হবে| মুখ্যমন্ত্রী বলেন.........

(BYTE )

******************

**Mahabir Jayanti .**

আজ জৈন ধর্মের প্রবর্তক শান্তি, অহিংসা মৈত্রীর পূজারী ভগবান ২৪ তম তীর্থঙ্কর মহাবীরের আবির্ভাব তিথি, মহাবীর জয়ন্তী। রাজ্যেও জৈন ধর্মাবলম্বীরা চিরাচরিত ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে দিনটি পালন করছেন।

*****************

**PM-1 :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জলবায়ু পরিবর্তনকে আজকের সবচেয়ে বড় সংকট হিসেবে বর্ণনা করেছেন। তিনি বলেছেন, এর সমাধান নিহিত রয়েছে সুস্থায়ী জীবনধারা, যা জৈন সম্প্রদায় শতাব্দী ধরে অনুশীলন করে আসছে। গতকাল নতুনদিল্লিতে নবকার মহামন্ত্র দিবস উপলক্ষে এক অনুষ্ঠানে শ্রী মোদী একথা বলেন। তিনি মন্তব্য করেন যে জৈন সম্প্রদায় শতাব্দী ধরে সরলতা, সংযম এবং স্থায়িত্বের নীতি অনুসরণ করে আসছে। ভারতের প্রতি বিশ্বের আস্থা আরও গভীর হচ্ছে, ভারতের প্রচেষ্টা এবং ফলাফল অনুপ্রেরণার উৎস হয়ে উঠছে, এই বিষয়টি তুলে ধরে শ্রী মোদী উল্লেখ করেন যে বিশ্বব্যাপী প্রতিষ্ঠানগুলি এখন ভারতের দিকে তাকিয়ে আছে কারণ এর অগ্রগতি অন্যদের জন্য পথ খুলে দেয়। তিনি এটিকে জৈন দর্শনের সঙ্গে সংযুক্ত করে বলেন যে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে জীবন সমৃদ্ধ হয়। তিনি উল্লেখ করেন যে এই দৃষ্টিভঙ্গি ভারত থেকে বিশ্বব্যাপী প্রত্যাশা বাড়িয়েছে। প্রধানমন্ত্রী ভারতের ইতিহাস, পরিচয় এবং আধ্যাত্মিক যাত্রায় জৈন ধর্মের গুরুত্ব তুলে ধরে বলেন জৈন সাহিত্য ভারতের বৌদ্ধিক গৌরবের মেরুদণ্ড। তিনি প্রাকৃত ও পালি ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা প্রদানকে জ্ঞান সংরক্ষণে সরকারের কর্তব্য হিসেবে তুলে ধরেন।

**************************

**Aswini Vaishnab ADDHAR**

আধার আইন সংশোধন করা হবে।

কেন্দ্রীয় বৈদ্যুতিন ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন যে নতুন আধার আইন ডিজিটাল ভাবে ব্যক্তিগত তথ্য সুরক্ষা আইন ২০২৩-এর সাথে সামঞ্জস্য

ভাবে ব্যবহারকারীদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে করা হবে। তথ্য প্রযুক্তি মন্ত্রী বলেন, আধার আইন কার্যকর হওয়ার সময় আইনি কাঠামোতে বেশ কিছু ফাঁক ছিল, আজ সেই ফাঁকগুলি পূরণ করা হয়েছে।

তিনি আধার আইনের একটি আধুনিক সংস্করণ আনার উপর জোর দিয়ে বলেন ,, দরিদ্র ও মধ্যবিত্ত শ্রেণীর মানুষের জীবনে রূপান্তরমুখী পরিবর্তন আনাই হল সরকারের মূল লক্ষ্য।

*************************

**CM-Yatra :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল বিকেলে ধর্মনগরে বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে তথ্য সংস্কৃতি দপ্তর আয়োজিত রাজ্যভিত্তিক যাত্রা উৎসবের উদ্বোধন করেন| উপস্থিত ছিলেন রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, ক্রীড়া মন্ত্রী টিংকু রায়। রাজ্যভিত্তিক যাত্রা উৎসব চলবে ২৩শে এপ্রিল পর্যন্ত। প্রতিদিন সন্ধ্যা ছয়টা থেকে শুরু হবে যাত্রাপালা। এই যাত্রা উৎসবে মোট ১৩টি দল অংশগ্রহণ করবে।

***************************

**JJM :**

বিলোনীয়াতেও পাইপলাইনের মাধ্যমে বাড়ি বাড়ি পানীয়জল সরবরাহের কাজ চলছে। জল জীবন মিশন-২.0 এর আওতায় গত অর্থবছরে ভারতচন্দ্রনগর ব্লক এলাকায় মোট ৩৮৯টি বাড়িতে জলের সংযোগ দেওয়া হয়েছে। ব্লক এলাকায় ৮৪.৬২ শতাংশ বাড়ি পানীয়জল সংযোগের আওতায় এসেছে। বাকীগুলিতে ক্রমান্বয়ে সংযোগ প্রদান করা হবে। বিলোনীয়াস্থিত পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের নির্বাহী বাস্তুকারের কার্যালয় থেকে এতথ্য জানানো হয়েছে।

*****************************

**POSHAN PAKHWADA :**

নারী ও শিশু উন্নয়ন মন্ত্রক পুষ্টি সচেতনতা বৃদ্ধি, স্বাস্থ্যগত ফলাফল উন্নত করা এবং সম্প্রদায়ের ক্ষমতায়নের জন্য পোষণ পক্ষ ২০২৫ উদযাপন করছে। এই উদ্যোগটি মিশন পোষণ দ্বিতীয় পর্বের অংশ।

মন্ত্রক জানিয়েছে যে, চলমান পোষণ পক্ষ ২০২৫-এর অন্যতম মূল বিষয়বস্তু হল জীবনের প্রথম এক হাজার দিনের উপর জোর দেওয়া, যা গর্ভধারণ থেকে দুই বছর বয়স পর্যন্ত পুষ্টির গুরুত্বের উপর জোর দেয়। এই গুরুত্বপূর্ণ সময়কাল আজীবন স্বাস্থ্য এবং বিকাশের ভিত্তি স্থাপন করে। অপুষ্টি মোকাবেলায় সরকারের প্রতিশ্রুতির অংশ হিসেবে মন্ত্রক ৮ই এপ্রিল থেকে ২২শে এপ্রিল পর্যন্ত পোষণ পক্ষের ৭ম পর্ব উদযাপন করছে।

******************

**Weather .**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে সঙ্গে দমকা হওয়াও বয়ে যেতে পারে। রাজ্যের উত্তর জেলা ও ঊনকোটি জেলার কোথাও কোথাও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাত সেই সঙ্গে ও ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো ও দমকা হাওয়া বয়ে যাওয়ার সতর্ক বার্তা দেওয়া হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৬ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।

*********************